24

দৈনিক সংবাদ

তারিখ 08 SEP 1992
পৃষ্ঠা ... ১/২ ... কলাম ... ৬ ...

# আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

(নিজস্ব বার্তা পরিবেশক)

আজ ৮ই সেপ্টেম্বর মঙ্গলবার আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। এ দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী পৃথক পৃথক বাণী দিয়েছেন এবং বিভিন্ন সংগঠন কর্মসূচী নিয়েছে।

রাষ্ট্রপতি আবদুর রহমান বিশ্বাস তার বাণীতে বলেন, সরকার শিক্ষাকে সর্বাধিক অগ্রাধিকার দিয়েছেন এবং সারাদেশে গণশিক্ষা কার্যক্রম জোরদার হয়েছে। সকলের সমবেত প্রচেষ্টায় এই উদ্যোগ সফল করতে হবে। তিনি দেশের শিক্ষিত সমাজ এবং দেশ সেবার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে নিরক্ষরতা দূরীকরণে কাজ করার আহ্বান জানান।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া তার বাণীতে ২০০০ সালের মধ্যে 'সবার জন্য শিক্ষা' নিশ্চিত করার অঙ্গীকার নিয়ে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, নিরক্ষরতার অভিশাপ থেকে দেশকে মুক্ত করার জন্য প্রতিটি গ্রামেগঞ্জে গণজাগরণ সৃষ্টি করতে হবে।

## কর্মসূচী

জাতিসংঘ তথ্য কেন্দ্রের সহায়তায় ঢাকা আহসানিয়া মিশন আজ সকাল সাড়ে ৭টায় জাতীয় যাদুঘরের সামনে থেকে প্রেসক্লাব পর্যন্ত মিছিল, বিকেল তিনটায় জাতিসংঘ তথ্য কেন্দ্র প্রাঙ্গণে সাক্ষরতা ও উন্নয়ন যোগাযোগ উপকরণ প্রদর্শনী এবং বিকেল ৪টায় তথ্য কেন্দ্র মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করেছে। ইউসেপ বাংলাদেশ ঢাকা বিভাগ-১ এর পক্ষ থেকে আজ সকাল ৯টায় জাতীয় প্রেসক্লাবের সামনে জমায়েতশেষে শিশু-পার্ক পর্যন্ত মিছিল বের করা হবে।

গোবিন্দগঞ্জ সমিতি ও গোবিন্দগঞ্জ মহিলা কলেজের যৌথ উদ্যোগে আজ বিকেল ৫টায় গোবিন্দগঞ্জ মহিলা কলেজ চত্বরে সাক্ষরতা দিবস উদযাপন ও '৯২ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ মেধাবীছাত্র-ছাত্রীদেরসংবর্ধনা।

বাংলাদেশ জাতিসংঘ সমিতির উদ্যোগে কাল বুধবার দুপুর ২টায় সেগুনবাগিচা হাইস্কুল প্রাঙ্গণে আলোচনা সভার আয়োজন করা হয়েছে। এতে প্রধান বক্তা থাকবেন ডঃ আবদুল্লাহ আল মুতি শরফুদ্দিন।